



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০১(৭৫৭)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১২/১/১০৬৩

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


পদোন্নতি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম | পদোন্নতির যোগ্যতা |
|--------------|---|--|
| ১ | উপ-রেজিস্ট্রার (আইন) বেতন স্কেল: ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | সহকারী রেজিস্ট্রার (আইন) পদে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতাসহ যাহাদের মোট চাকুরীকাল ১০ বৎসর, তাহারা উপ-রেজিস্ট্রার (আইন) পদের জন্য বিবেচিত হইতে পারিবেন। অথবা আইন বিষয়ে ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি/ যে কোন বিষয়ে ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি এবং সেই সাথে এলএলবি ডিগ্রিধারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের যে সকল কর্মকর্তার ১ম শ্রেণির পদে ১০ বৎসর বা তদূর্ধ্ব চাকুরির অভিজ্ঞতা এবং অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে সরাসরি সহকারী রেজিস্ট্রার পদে চাকুরির অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর সহকারী রেজিস্ট্রার পদের অভিজ্ঞতা রহিয়াছে তাহাদের ক্ষেত্রে ফিডার পদের অভিজ্ঞতা ৩ বৎসর হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ২ | সহকারী পরিচালক (জনসংযোগ) বেতন স্কেল: ২৯০০০-৬৩৪১০ (গ্রেড-৭) | সেকশন অফিসার পদে ন্যূনপক্ষে ৪ বৎসরের চাকুরি। উচ্চতর ডিগ্রি/ প্রশিক্ষণ/ যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |

উল্লিখিত শর্ত অনুযায়ী যে সকল কর্মকর্তা পদোন্নতির যোগ্যতা অর্জন করিয়াছেন তাহাদেরকে jobs.nu.ac.bd এ Online Application Form পূরণ এবং সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বর পত্র-এর কপি Form-এর নির্ধারিত অংশে Upload পূর্বক ২৭/০৯/২০২৩ তারিখ হইতে ১৮/১০/২০২৩ তারিখের মধ্যে আবেদন করিতে হইবে। আগামী ১৮/১০/২০২৩ তারিখের মধ্যে Online Application Form-এর প্রিন্ট কপিসহ সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ০৮ (আট) সেট দপ্তর প্রধানের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর আদেশক্রমে


27.09.23
(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার

স্মারক নং- ০১(৭৫৭)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১২/

তারিখ: আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল:

- সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- পরিচালক, মানবসম্পদ উন্নয়ন ও শুদ্ধাচার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- পরিচালক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
- উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- নোটিশ বোর্ড
- অফিস কপি।

(নিত্যানন্দ গাইন)

উপ-রেজিস্ট্রার

প্রশাসন (সংস্থাপন-কর্মকর্তা) শাখা